

তারিখ : ১০ এপ্রিল, ২০২৫ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

শিক্ষার্থীদের পড়াশোনার পাশাপাশি খেলাধুলা ও সহ-শিক্ষা কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণের আহ্বান পিবিপ্রবি উপাচার্যের



পিরোজপুর সরকারি মহিলা কলেজের বার্ষিক ক্রীড়া, সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতা ২০২৫ এর পুরস্কার বিতরণ অর্থাৎ ১০ এপ্রিল, ২০২৫ খ্রিষ্টাব্দ সকাল ১০.০০ টায় কলেজ ক্যাম্পাসে অনুষ্ঠিত হয়েছে। পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়-এর মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মো. শহীদুল ইসলাম প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রতিযোগিতার বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন।

প্রধান অতিথির বক্তব্যে পিবিপ্রবি উপাচার্য ড. মো. শহীদুল ইসলাম বলেন, শিক্ষার্থীরা ক্রীড়া, সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতার মাধ্যমে তাদের সৃজনশীলতার পরিচয় দিয়ে থাকে, তাদের সুপ্ত প্রতিভা বিকাশের সুযোগ পায়, আত্মবিশ্বাস বৃদ্ধি পায় এবং পরস্পরের প্রতি শ্রদ্ধাবোধ তৈরি হয়। সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতা আমাদের ইতিহাস ও ঐতিহ্যকে ধারণ করে। এসব অনুষ্ঠানের মধ্য দিয়ে আমাদের সমাজের বাস্তব চিত্র ফুটে ওঠে।

পিবিপ্রবি উপাচার্য আরও বলেন, আজকের শিক্ষার্থীরা আগামী দিনের ভবিষ্যৎ। তোমরা দেশ ও জাতিকে নেতৃত্ব দিবে। এসব অনুষ্ঠানের মাধ্যমে নেতৃত্বের গুণাবলি তৈরি হবে। তিনি পড়াশোনার পাশাপাশি খেলাধুলা এবং অন্যান্য সহ-শিক্ষা কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণের জন্য শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান।

এ সময় তিনি সোশ্যাল মিডিয়ার করাল গ্রাস থেকে দূরে থেকে স্বাস্থ্য সচেতনভাবে নিজেকে তৈরি করার জন্য পরামর্শ দেন। তিনি পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়কে একটি পূর্ণাঙ্গ ও বিশ্বমানের প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার জন্য পিরোজপুরবাসীর সর্বাঙ্গিক সহযোগিতা কামনা করেন।

পিবিপ্রবি উপাচার্য নারী শিক্ষায় অগ্রণী ভূমিকা পালনের জন্য পিরোজপুর সরকারি মহিলা কলেজ কর্তৃপক্ষকে আন্তরিক ধন্যবাদ এবং ভবিষ্যতেও এ ধারা অব্যাহত রাখার আহ্বান জানান।

পিরোজপুর সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ শেখ রফিকুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে পিরোজপুরের সরকারি সোহরাওয়ার্দী কলেজের অধ্যক্ষ পান্না লাল রায় ও সিভিল সার্জন ডা. মো. মতিউর রহমান বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

স্বা/-

(মুশাহিদ হোসেন তালুকদার)

প্রকাশনা ও জনসংযোগ দপ্তর

প্রয়োজনে: ০১৫২১-২১১৩৬৩